## শৈলকুপা উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির অক্টোবর/২০২১ মাসের দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ জাহিদুন্নবী কালু<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ। |
| সভার তারিখ | ঃ | ২৭/১০/২০২১ খ্রিঃ। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| সময় | ঃ | সকাল ১১:০০ ঘটিকা। |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতি ক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি মহোদয়ের অনুরোধ ক্রমে সদস্য সচিব, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নিম্নে উল্লেখিত আলোচ্যসূচী উপস্থাপন করেন ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচীঃ-**

০১। সেপ্টেম্বর/২০২১ মাসের আইন শৃংখলা বিষয়ক সার্বিক পর্যালোচনা।
০২। সকল ইউনিয়নের আইন-শৃংখলা কমিটির সভা সংগঠন সংক্রান্ত আলোচনা।
০৩। মাদক নির্মূল ও পুনর্বাসন সংক্রান্ত আলোচনা।
০৪। অন্যান্য বিষয়ে আলোচনা।

### সিদ্ধান্ত সমূহ

আলোচনা "০১" সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ মাসের আইন-শৃংখলা বিষয়ক পর্যালোচনাঃ-
সভাপতি মহোদয় বিগত সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ মাসের সার্বিক আইন-শৃংখলা বিষয়ে জানতে চাইলে সভায় উপস্থিত উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শৈলকুপার সার্বিক আইন-শৃংখলা বিষয়ক চিত্র তুলে ধরেন।
শৈলকুপা উপজেলার ১৪টি ইউনিয়নের গ্রামসমূহের মধ্যে যে গ্রামআদালতগুলো আছে তার মাধ্যমে স্থানীয় পর্যায়ের অনেক ছোট-খাটো সমস্যার স্থায়ী সমাধান করা হয়ে থাকে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বর (সদস্য) গণের মাধ্যমে গ্রামআদালতকে সক্রিয় প্রতিষ্ঠানে রূপদান করা প্রয়োজন। চেয়ারম্যান, হাকিমপুর ইউনিয়ন পরিষদ এর উদ্ধৃতিতে তার ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। মাদক মোটামুটি নিয়ন্ত্রনে আছে। নিত্যানন্দপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়ের ভাষ্যমতে তার ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। মাদক শূন্য পর্যায়ে নামিয়ে আনার জন্য সরকার যথাযথ পদক্ষেপ নিয়েছেন। আর এ সময় মাদকসেবীরা গা ঢাকা দিয়েছে। মাদক নির্মূল হলে এলাকার চুরি-ডাকাতি নির্মূল হবে। এলাকার জনসাধারণ শান্তিতে বসবাস করতে পারবেন। শৈলকুপা প্রেস ক্লাব এর প্রতিনিধি জানান যে, এ আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রয়েছে। মদক সেবনকারীরা চুপচাপ রয়েছে। সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

সভায় সভাপতি মহোদয় জানান যে, সরকার মাদকের বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ নিয়েছেন। মাদক সমাজের জন্য ক্যান্সার স্বরূপ। মাদকের কারণে অনেক সংসার ধ্বংস হয়ে যাচ্ছে। মাদকাসক্তদের মাদক থেকে মুক্ত করে যথাযথ পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। তিনি সক্রিয় গ্রাম আদালত গড়ে তোলার জন্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ জাহিদুন্নবী কালু)
সভাপতি
আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটি ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং-৪৪.০৩.৪৪৮০.০০৪.০০০.০৩.২১-২০২ | তারিখঃ-২৭/১০/২০২১খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলোঃ
০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
০৪। জনাব ............................................, চেয়ারম্যান ........................................ ইউনিয়ন ও সদস্য, আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটি, শৈলকুপা, ঝিনাইদহ।
০৫। অফিস কপি।

২৭/১০/২১
**(মোসাঃ রোকেয়া খাতুন)**
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
শৈলকুপা, ঝিনাইদহ।

শৈলকুপা উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির অক্টোবর/২০২২ মাসের দ্বি-মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১ | মোঃ জাহিদুন্নবী কালু | সভাপতি | |
| ০২ | মোঃ মতিয়ার রহমান বিশ্বাস | সদস্য | |
| ০৩ | এ্যাড. সালাহ্‌উদ্দিন জোয়ার্দার (মামুন) | সদস্য | |
| ০৪ | মোঃ শাহাবুদ্দিন সাবু | সদস্য | |
| ০৫ | মোসাঃ রোকেয়া খাতুন | সদস্য সচিব | ২৭/১০/২২ |

সভার তারিখঃ ২৭/১০/২০২২ খ্রিঃ।

উপজেলাঃ শৈলকুপা, জেলাঃ ঝিনাইদহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং-৪৪.০৩.৪৪৮০.০০৪.০০০.০৩.২১- ১০০ তারিখঃ-২৪ / ১০ /২০২২ খ্রিঃ।

# নোটিশ

এতদ্বারা শৈলকুপা উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সদস্যবৃন্দের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ২৭/১০/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় অক্টোবর/২০২২ মাসের দ্বি-মাসিক সভা 'উপজেলা পরিষদ সভাকক্ষে' আহবান করা হয়েছে।

উক্ত কমিটির একজন সম্মানিত সদস্য হিসাবে আপনাকে যথাসময়ে সভায় অংশগ্রহনের জন্য অনুরোধ করা হলো।

২৪/১০/২২

**(মোসাঃ রোকেয়া খাতুন)**
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
শৈলকুপা, ঝিনাইদহ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
০৪। জনাব ..............................................., চেয়ারম্যান ......................................... ইউনিয়ন ও সদস্য, আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটি, শৈলকুপা, ঝিনাইদহ।
০৫। অফিস কপি।

২৪/১০/২২

**(মোসাঃ রোকেয়া খাতুন)**
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
শৈলকুপা, ঝিনাইদহ।